দৈনিক সংবাদ

তারিখ ... 28 MAR 1991 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৪ ...

32

# শিক্ষক নিয়োগ বিজ্ঞপ্তি এবং কিছু কথা

গত ২রা চৈত্র '৯৭ বাংলা দৈনিক পত্রিকায় প্রকাশিত হয়েছে সরকারী উচ্চ বিদ্যালয়সমূহে সহকারী শিক্ষক নিয়োগের বিজ্ঞপ্তি। প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা চাওয়া হয়েছে স্নাতক ডিগ্রীসহ শিক্ষায় দ্বিতীয় শ্রেণী। এস. এস. সি, এইচ. এস. সি এবং স্নাতক পরীক্ষার যে কোন একটিতে দ্বিতীয় বিভাগ/শ্রেণী থাকতে হবে। অথবা দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে। তবে এ ধরনের প্রার্থীদের নিয়োগপ্রাপ্তির পাঁচ বছরের মধ্যে শিক্ষায় দ্বিতীয় শ্রেণীর ডিগ্রী/ডিপ্লোমা গ্রহণ করতে হবে।

এখানেই আমার কিছু বক্তব্য আছে। আমাদের দেশে অনেক অধিকতর শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন ব্যক্তি আছেন, যারা এস. এস. সি, এইচ. এস. সি পরীক্ষার উভয়টিতে ১ম বিভাগ এবং স্নাতক পর্যায়ে দ্বিতীয়/তৃতীয় বিভাগ বা শ্রেণী পেয়েছেন অথবা সব কয়টি পরীক্ষায় দ্বিতীয় বিভাগ/শ্রেণী অথবা কোন একটিতে ১ম ও অন্যগুলোতে ২য় বিভাগ/শ্রেণী পেয়ে দীর্ঘ সময় ধরে বিভিন্ন বিদ্যালয়ে শিক্ষকতার পেশায় নিয়োজিত আছে। বিদ্যালয়ে শিক্ষক স্বল্পতার কারণে অথবা আর্থিক অনটনের কারণে অথবা প্রশিক্ষণ গ্রহণের সুযোগ স্বল্পতার কারণে এ সব শিক্ষক প্রশিক্ষণবিহীন রয়ে গেছেন।

অনেক সময় দেখা যায় এ সব শিক্ষক অনেক প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকের চেয়ে শিক্ষকতায় বেশী পারদর্শী এবং সুনামের অধিকারী।

প্রকাশিত বিজ্ঞপ্তিতে এ ধরনের শিক্ষকদের যোগ্যতা এবং অভিজ্ঞতার প্রতি অবহেলা করা হয়েছে। শিক্ষা মেধার লালন। মেধাবী এবং যোগ্য শিক্ষক বাছাই আমাদের জাতীয় কর্তব্য। তাই যোগ্য শিক্ষক বাছাইয়ের স্বার্থে বিজ্ঞপ্তি সংশোধন করার মাধ্যমে যারা স্নাতক পর্যায়সহ অন্যান্য পর্যায়ে দ্বিতীয় বিভাগ/শ্রেণী অথবা এস. এস. সি, এইচ. এস. সি তে ১ম এবং স্নাতক পর্যায়ে ৩য়/২য় বিভাগ/শ্রেণী পেয়ে দীর্ঘ সময় ধরে শিক্ষকতায় নিয়োজিত তাদের দরখাস্ত করার সুযোগদানের জন্য কর্তৃপক্ষের নিকট অনুরোধ রাখছি।

দীপক চন্দ্র সাহা,
সহকারী শিক্ষক,
থানারহাট উচ্চ বিদ্যালয়,
বেগমগঞ্জ, নোয়াখালী